**Series : €ABA€**

**SET-4**

**Q.P. Code 5**

**Roll No.**

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে 8 ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে 8 টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোন উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains 8 printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 8 questions.
- **Please write down the Serial Number of the question in the answer-book before attempting it.**
- 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

*

# বাংলা
# BENGALI

*সময়: 2 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক: 40*

*Time allowed : **2** hours* | *Maximum Marks : **40***



ZOLLEGE.in

The Question Paper is devided into **Three Sections** :

**SECTION – A : GRAMMAR : 10 Marks**

**SECTION – B : COMPOSITION & WRITING : 10 Marks**

**SECTION – C : LITERATURE AND SUPPLEMENTARY : 20 Marks**

## SECTION – A (GRAMMAR)

1. ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে **যে কোনো একটি (any one)** সূত্রের দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখো : **(3 + 2 = 5)**

   (a) অপিনিহিতি (b) স্বরসঙ্গতি

*

2. **যে কোনো একটি (any one)** অলঙ্কারের একটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : **(3 + 2 = 5)**

   (a) অনুপ্রাস (b) যমক

**অথবা (OR)**

অলঙ্কার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখো (**একটি**)

(a) দিনের আলো নিভে এলো সূয্যি ডোবে ডোবে,

আকাশ ঘিরে মেঘ জুটেছে চাঁদের লোভে লোভে।

(b) কোথা হা হন্ত চির বসন্ত, আমি বসন্তে মরি।

(c) কুলায় কাঁপিছে কাতর কপোত দাদুরি ডাকিছে সঘনে



ZOLLEGE.in

## SECTION – B

## COMPOSITION & WRITING

3. নীচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হলো । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **(2 + 3 = 5)**

মাত্র সাড়ে আট কিলোমিটার পথ । কিন্তু সেই পথ ধরে মসৃণ গতিতে এগিয়ে যাওয়া লরির উপরে মনোরম আলোকশোভায় ফের একবার বিস্ময় ছড়িয়ে গেল চন্দননগর । লাখ লাখ মানুষ চন্দননগরের পথে দাঁড়িয়ে মুগ্ধ চোখে আলোর কারসাজি দেখে উৎসাহে ফেটে পড়ল । বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত মোহময় আলোর খেলায় হ্যারি পটার থেকে ভূতেদের শুটিং বা সমুদ্রতলের দৃশ্যপট দেখতে আবালবৃদ্ধবণিতা ভীড় করেছিল । শুধু শহর নয়, ঐতিহ্যবাহী আলোর ঝলকানি দেখতে বহিরাগতদের সংখ্যাও ছিল অগণিত । এদিন সন্ধ্যার আগে থেকেই শহরে ভিড় জমতে শুরু করে, ভোররাত পর্যন্ত তা ফিকে হওয়ার লক্ষণ দেখা যায় নি । বরং শোভাযাত্রাকে কেন্দ্র করে ভীড় বেড়েছে সময়ের সঙ্গে পাল্লা টেনে । অন্যদিকে শান্তিপূর্ণভাবে এদিন বিকেলের আগেই মিটে গিয়েছিল জগদ্ধাত্রীপূজোর ভাসান পর্ব । পুরুষদের শাড়ি পরে মাকে বরণ থেকে সিঁদুর খেলার মতো নানা আচারকে ঘিরে ভাসান পর্বও ছিল জমজমাট । রকমারি ব্যান্ড আর অগণিত মানুষের আবেগে মায়ের বিদায় বেলাতেও সুশৃঙ্খল ছিল অতীতের ফরাসডাঙা । স্ট্যান্ড রোডকে ঘিরে ওই শোভাযাত্রা যেমন প্রতিযোগিতার অঙ্গ, তেমনি চন্দননগরের বিশেষ পরিচিতির কারণও বটে । সেখানেও সুশৃঙ্খলভাবে মানুষ আলোর ইন্দ্রজাল



ZOLLEGE.in

দেখেছেন । বিকেল গড়ানোর পর থেকেই আলোর শোভাযাত্রাকে ঘিরে শহরে টান টান উত্তেজনার আবহ ক্রমশ ছড়াতে থাকে । অগণিত বহিরাগত মানুষের ঢল নামে শহরে । রেলপথ, জলপথ, সড়কপথে আলোর ইন্দ্রজালের সাক্ষী থাকতে মানুষ ভিড় করেন শোভাযাত্রার নির্ধারিত পথের ধারে । আসতে আসতে স্ট্যাণ্ড রোড ধরে রাতের আকাশে আলো ছড়িয়ে ভেসে উঠতে শুরু করে নানান আলোর শোভা । কখনও হ্যারি পটারকে চোখের সামনে দেখে মুগ্ধ হয়েছে দর্শক, কখনও বা ভূতেদের কান্ডকারখানায় সহর্ষ উল্লাস ছড়িয়েছে পথে । কখনও শিশুর সারল্যে মেতেছে রূপকথার নানান চরিত্রদের প্রায় জীবন্ত আলোকময় প্রকাশে । উদ্যোক্তাদের সূত্রে জানা গিয়েছে ২৩৯ টি লরিতে নানান থিম সাজিয়ে শোভাযাত্রা হয়েছে । যা চাক্ষুষ করতে হাজার হাজার মানুষের ভীড়ে অবরুদ্ধ চন্দননগর ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) তিনটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর ।

4. অনলাইন ক্লাসের সুবিধা-অসুবিধা জানিয়ে বন্ধুকে পত্র লেখ । **(5)**

**অথবা (OR)**

দ্বাদশ শ্রেণী পাস করে – তুমি কী বিষয় নিয়ে পড়তে চাও এবং তার যথেষ্ট কারণ জানিয়ে বিদেশে চাকুরীরত বাবাকে একটি পত্র লেখ ।



ZOLLEGE.in

## SECTION – C

## LITERATURE AND SUPPLEMENTARY READER

5. "বচসা বেড়ে গেল" – **(2 + 3 = 5)**

   (a) কোন ঘটনাকে কেন্দ্র করে কাদের মধ্যে এই বচসা শুরু হল ?

   (b) বচসার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

   **অথবা (OR)**

   "......বলে সে নড়বড় করে রাস্তা ধরে চলতে থাকল" –

   (a) কে, কী বলেছিল ?

   (b) বক্তার সেই উক্তির মাধ্যমে লেখক আমাদের কী বার্তা দিতে চেয়েছেন ?

6. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : **(5)**

   "আমার দরকার শুধু গাছ দেখা"

   **অথবা (OR)**

   "গাছ আনো বাগানে বসাও"



ZOLLEGE.in

7. “প্রতিভা যার আছে, বয়েসে তার কী এসে যায়।” **(2 + 3 = 5)**

(a) কার প্রতি, কার এই উক্তি ?

(b) উক্তিটির মাধ্যমে ‘প্রতিভা’ এবং ‘বয়স’ সম্পর্কে বক্তার কীরূপ দৃষ্টিভঙ্গী প্রকাশিত ?

**অথবা (OR)**

“কিন্তু তার আগে তুমি ঐ থিয়েটার করা ছেড়ে দাও” –

(a) কে, কাকে এই অনুরোধ করেছিল ?

(b) বক্তার এই অনুরোধে তার চিন্তাধারায় কীরূপ আলোড়ন সৃষ্টি হল ?

8. “চারপাশে তাঁবু পড়েছে, গমগম করছে সারা তল্লাট” – **(2 + 3 = 5)**

(a) কোথায় যাওয়ার সময় এই দৃশ্য দেখতে পাওয়া গেল ? তখন ট্রেনটি কোথা দিয়ে যাচ্ছিল ?

(b) দৃশ্যটির বর্ণনা দাও।

**অথবা (OR)**



ZOLLEGE.in

“ছোটো কল্কেয় চোখ রাঙিয়ে সাধুচরণ সেদিকে তাকায় আর হাসে” –

(a) সাধুচরণ কী দেখে হাসে ?

(b) সাধুচরণের সংক্ষিপ্ত পরিচয় দাও।



ZOLLEGE.in

*



ZOLLEGE.in